



মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের বিশ্ববিদ্যালয়ে হামলার হুমকি আইআরজিসির



আইআরজিসির ইউনিট। ছবি: সংগৃহীত

পশ্চিম এশিয়ায় উত্তেজনা আরও বাড়িয়ে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিশ্ববিদ্যালয়গুলোকে লক্ষ্য করে হামলার হুমকি দিয়েছে ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কর্পস (আইআরজিসি)।

শনিবার (২৮ মার্চ) প্রকাশিত এক বিবৃতিতে আইআরজিসি জানায়, ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে হামলার প্রতিক্রিয়ায় প্রতিশোধমূলক পদক্ষেপ হিসেবে এসব শিক্ষাপ্রতিষ্ঠান টার্গেট করা হতে পারে। একই সঙ্গে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে এসব প্রতিষ্ঠানের আশপাশ থেকে অন্তত এক কিলোমিটার দূরে থাকার আহ্বান জানানো হয়েছে। অন্যদিকে, মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াশিংটন পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, ইরানে সম্ভাব্য স্থল অভিযানের প্রস্তুতি নিচ্ছে পেট্রোগন। নাম প্রকাশে অনিচ্ছুক কর্মকর্তাদের বরাতে জানানো হয়, কয়েক সপ্তাহব্যাপী এই অভিযানে বিশেষ বাহিনীর পাশাপাশি নিয়মিত পদাতিক সেনাও অংশ নিতে পারে।

রোববার (২৯ মার্চ) প্রকাশিত ওই প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, পরিকল্পনাটি চূড়ান্ত হলেও এ বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেননি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।